মূল বইয়ের অতিরিক্ত অংশ
নবম অধ্যায়: দুর্যোগের সাথে বসবাস

পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্নোত্তর

প্রশ্ন ▶১ ২০০৪ সালের ২৬ শে ডিসেম্বর সংঘটিত সুনামিতে ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, শ্রীলংকা, ভারত ও থাইল্যান্ডসহ অনেক দেশে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছিল। এ সুনামিতে প্রায় তিন লাখের মত মানুষ নিহত হয়। ◀ *শিখনফল-৩ [চা. বো. ২০১৬]*

ক. Tsunami শব্দের অর্থ কী? ১

খ. বৈশ্বিক উষ্ণতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রাকৃতিক দুর্যোগ কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশে উক্ত দুর্যোগটি সংঘটিত হওয়ার সম্ভাবনা কতটুকু? বিশ্লেষণ করো। ৪

১ নং প্রশ্নের উত্তর

ক Tsunami বা সুনামি শব্দের অর্থ হলো বন্দরের ঢেউ।

খ বৈশ্বিক উষ্ণতা হলো পৃথিবীর বায়ুমণ্ডলের তাপমাত্রা বৃদ্ধি পাওয়া। আর এই তাপমাত্রা বৃদ্ধির কারণ হলো পৃথিবীতে গ্রিন হাউস গ্যাসের পরিমাণ বৃদ্ধি। জনসংখ্যা বৃদ্ধির ফলে যানবাহন, শিল্প-কারখানা, বিদ্যুতের চাহিদা বেড়ে যাচ্ছে। আবার বনভূমি ধ্বংসের কারণে প্রাকৃতিক উপায়ে গাছপালা দ্বারা কার্বন ডাইঅক্সাইডের শোষণ কমে যাচ্ছে যার ফলে বায়ুমণ্ডলে গ্রিন হাউস গ্যাসের নিঃসরণ বেড়ে যাচ্ছে। এতে করে বায়ুমণ্ডলের তাপমাত্রা ধীরে ধীরে বেড়ে যাচ্ছে এবং বৈশ্বিক উষ্ণায়ন সৃষ্টি হচ্ছে।

গ উদ্দীপকে বর্ণিত প্রাকৃতিক দুর্যোগটি হলো সুনামি। নিচে সুনামি সৃষ্টির প্রক্রিয়া ব্যাখ্যা করা হলো–

সাধারণত সমুদ্র তলদেশে ভূমিকম্প, আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত এবং নভোজাগতিক ঘটনা প্রভৃতির কারণে সুনামি সৃষ্টি হয়।

সমুদ্রের তলদেশে যখন একটি প্লেটের সাথে অপর একটি প্লেটের সংঘর্ষ হয় তখন সেখানে মারাত্মক ভূকম্পন সৃষ্টি হয়। এই ভূকম্পনের ফলে একটি প্লেটের একাংশ অন্য প্লেটের আরেক অংশকে সজোরে চাপ দেয়। এই প্রবল চাপে সমুদ্রতলের কয়েকশত মাইলব্যাপী এলাকায় ভাঙনের সৃষ্টি হয়। এই ভাঙনের ফলে স্থানচ্যুতি ঘটে লক্ষ লক্ষ টন জলরাশির। বিশাল জলরাশি ভয়ানক বেগে ধেয়ে আসে সমুদ্রপৃষ্ঠের দিকে এবং বিশাল সব ঢেউয়ের আকারে চারিদিকে ছড়িয়ে পড়ে। এই ঢেউ যত বেশি তীরভূমির কাছাকাছি যায় এটি আরও দীর্ঘ হয়ে ভয়ঙ্কর জলোচ্ছ্বাসে রূপ নেয়। আর তখন তাকে বলা হয় সুনামি।

ঘ উদ্দীপকে উল্লিখিত দুর্যোগটি হলো সুনামি। এই দুর্যোগটি বাংলাদেশে ঘটার যথেষ্ট আশঙ্কা রয়েছে। নিচে এর কারণ বিশ্লেষণ করা হলো–

সুনামি সৃষ্টির প্রধান কারণ হলো সমুদ্রের তলদেশে ভূমিকম্প। বাংলাদেশ অন্যতম ভূমিকম্পপ্রবণ দেশ। বাংলাদেশের পূর্বে বার্মিজ প্লেট উত্তরে ইন্ডিয়ান প্লেট অবস্থিত। এই দুই প্লেটের সংঘর্ষের ফলে সৃষ্ট ভূকম্পন থেকে আমাদের দেশের দক্ষিণে অবস্থিত বঙ্গোপসাগরে সুনামি সৃষ্টি হতে পারে। তবে এর মাত্রা খুব বেশি হবে না, কেননা বাংলাদেশের বঙ্গোপসাগরে ১৬০ কিলোমিটার পর্যন্ত অগভীর পানি বিস্তৃত। আর অগভীর পানিতে সুনামি তার শক্তি হারিয়ে ফেলে।

সুতরাং উপর্যুক্ত আলোচনা থেকে বলা যায়, আমাদের দেশে সুনামির সম্ভাবনা থাকলেও তার মাত্রা খুব বেশি হওয়ার সম্ভাবনা কম।

প্রশ্ন ▶২ দুপুরে খাবার পর বিছানায় শুয়ে পান্না হঠাৎ লক্ষ করে, তার শোবার খাট ও সিলিং ফ্যান কাঁপছে। কয়েক মিনিট পরে টিভি চালু করে দেখতে পেল নেপালে অনেক বাড়ীঘর ধ্বংস হয়েছে এবং অনেক মানুষের মৃত্যু হয়েছে। পান্না বুঝতে পারে, এটি প্রাকৃতিক দুর্যোগ।

◀ *শিখনফল-৩ [রা. বো. ২০১৬]*

ক. কার্বন দূষণ কী? ১

খ. বৈশ্বিক উষ্ণতা বলতে কী বোঝায়? ২

গ. পান্নার শোবার খাট ও সিলিং ফ্যান কাঁপার কারণ কী? উহা কীভাবে সৃষ্টি হয় তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় কী কী বিষয় সতর্কতার সাথে খেয়াল রাখতে হবে সে বিষয়ে যুক্তিসহকারে তোমার মতামত লিখ। ৪

২ নং প্রশ্নের উত্তর

ক কার্বন দূষণ বলতে পৃথিবীর বায়ুমণ্ডলে কার্বন-ডাই-অক্সাইডের পরিমাণ বেড়ে যাওয়াকে বুঝায়।

খ বৈশ্বিক উষ্ণতা হলো পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি পাওয়া। আর এই তাপমাত্রা বৃদ্ধির কারণ হলো পৃথিবীতে গ্রিন হাউস গ্যাসের পরিমাণ বৃদ্ধি। জনসংখ্যা বৃদ্ধির ফলে যানবাহন, শিল্প-কারখানা, বিদ্যুতের চাহিদা বেড়ে যাচ্ছে। আবার বনভূমি ধ্বংসের কারণে প্রাকৃতিক উপায়ে গাছপালা দ্বারা কার্বন ডাইঅক্সাইডের শোষণ কমে যাচ্ছে যার ফলে বায়ুমণ্ডলে গ্রিন হাউস গ্যাসের নিঃসরণ বেড়ে যাচ্ছে। এতে করে বায়ুমণ্ডলের তাপমাত্রা ধীরে ধীরে বেড়ে যাচ্ছে। এভাবে পৃথিবীর তাপমাত্রা বেড়ে যাওয়াকে বৈশ্বিক উষ্ণায়ন বলে।

গ উদ্দীপকের তথ্য অনুযায়ী, পান্নার শোবার খাট ও সিলিং ফ্যান কাঁপার কারণ হচ্ছে ভূমিকম্প।

ভূমিকম্প কয়েক সেকেন্ড স্থায়ী হয় এবং পর্যায়ক্রমে একাধিকবার ঘটতে পারে। মৃদু ভূমিকম্প অনুভূত হয় না কিন্তু শক্তিশালী ভূমিকম্প সহজেই অনুভূত হয়। নিচে ভূমিকম্প কীভাবে সৃষ্টি হয় তা ব্যাখ্যা করা হলো–

আমাদের ভূগর্ভ কতকগুলো ভাগে বিভক্ত যাদের টেকটনিক প্লেট বলা হয়। এই টেকটনিক প্লেটগুলো অস্থিতিশীল নয়, চলমান থাকে।। এই টেকটনিক প্লেটগুলো স্থান পরিবর্তনের সময় একে অপরের সাথে সজোরে আঘাত লাগে। আর এই আঘাতের ফলেই সৃষ্টি হয় ভূমিকম্প। রিখটার স্কেল দিয়ে ভূমিকম্প পরিমাপ করা হয়।

ঘ উদ্দীপকের প্রাকৃতিক দুর্যোগ তথা ভূমিকম্পের হাত থেকে রক্ষা পাওয়ার কোনো উপায় নেই, তবে এতে জানমালের ক্ষয়ক্ষতি কমানো যায়। সেক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো ঘরবাড়ি ও অন্যান্য স্থাপনা তৈরি। ভূমিকম্প হলে জরুরি ভিত্তিতে সরকারি ও অন্যান্য সংস্থার সমন্বয় যথাসম্ভব দ্রুত ত্রাণ তৎপরতা ও উদ্ধারকাজ নিশ্চিত

করতে হবে এবং তার জন্য আগাম প্রস্তুতি থাকতে হবে। এ ব্যাপারে কিছু সতর্কমূলক ব্যবস্থা গ্রহণ করা যায়। সেগুলো হলো-
আমাদের বাসস্থান সম্পর্কে ভালো জ্ঞান রাখতে হবে এবং এতে ভূমিকম্পের ঝুঁকি কতটুকু তা জানতে হবে। ঝুঁকিপূর্ণ বড় ভবনে থাকা যাবে না। ঘরবাড়ি বা অফিসে ৩-৪ দিনের পানি, খাবার, আলো না থাকলেও যাতে বাঁচা যায়, সে ব্যবস্থা রাখতে হবে। এটাও মাথায় রাখতে হবে যে শুধু নিজের পরিবার ও প্রতিবেশী ছাড়াও অন্যান্য লোকজনের ব্যাপারে সুনজর রাখতে হবে। জরুরি এবং দ্রুত সাড়া দেওয়ার প্রস্তুতি থাকতে হবে। সেক্ষেত্রে ফায়ার সার্ভিস, হাসপাতাল, পুলিশ বাহিনীর কথা বিবেচনায় রাখতে হবে। বিদ্যুৎ, পানি, রাস্তাঘাট, যোগাযোগের জন্য মোবাইল ফোন ইত্যাদি সব রকম ব্যবস্থা রাখতে হবে। ক্ষতিগ্রস্ত মানুষের পুর্নবাসনের জন্য স্বল্প ও দীর্ঘমেয়াদি ব্যবস্থা রাখতে হবে। ভূমিকম্পের ফলে সম্ভাব্য ক্ষতি সম্পর্কে ধারণা রাখতে হবে এবং তা মোকাবিলার জন্য একটি পরিকল্পনা আগে থেকেই গ্রহণ করতে হবে। কিছু শুকনা খাবার, পানি, টর্চলাইট, ছোট রেডিও, ব্যাটারি, প্রাথমিক চিকিৎসা, কিট, কিছু ঔষধপত্র, বাঁশি, অগ্নি নির্বাপক যন্ত্র-এগুলো হাতের কাছে রাখতে হবে।

প্রশ্ন ▶৩ রাজেশের বাড়ী বরগুনা জেলার পাথরঘাটা এবং আমিনের বাড়ী মানিকগঞ্জের সাটুরিয়া উপজেলায়। এসব এলাকায় প্রায়ই প্রাকৃতিক দুর্যোগ দেখা দেয়। তবে রাজেশের এলাকায় দুর্যোগের পূর্বাভাস দেয়া সম্ভব হলেও আমিনের এলাকায় পূর্বাভাস দেয়া সম্ভব হয় না। যার ফলে জানমালের অনেক ক্ষয়ক্ষতি হয়।

◀ *শিখনফল-৩ [দি. বো. ২০১৬]*

ক. সুনামি কী? ১
খ. খরা বলতে কী বোঝায়? ২
গ. রাজেশের এলাকায় যে দুর্যোগ দেখা দেয় তার কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. রাজেশের এলাকায় দুর্যোগের চেয়ে আমিনের এলাকায় দুর্যোগটি বেশি ক্ষতিকর– কারণ বিশ্লেষণ করো। ৪

৩ নং প্রশ্নের উত্তর

ক যে প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রে সমুদ্র তলদেশের প্রচণ্ড ভূমিকম্পনের ফলে সৃষ্ট সমুদ্রের লক্ষ লক্ষ টন পানির বিশাল ঢেউ তীর ভূমির কাছে এসে আরও দীর্ঘ ও শক্তিশালী হয়ে ভয়ঙ্কর জলোচ্ছ্বাসের রূপ নেয় তাই হলো সুনামি।

খ খরা একটি প্রাকৃতিক দুর্যোগ যা সৃষ্টি হওয়ার অন্যতম কারণ হলো দীর্ঘকালীন শুষ্ক আবহাওয়া ও পর্যাপ্ত পরিমাণ বৃষ্টিপাত না হওয়া। বাষ্পীভবন ও প্রস্বেদনের পরিমাণ বৃষ্টিপাতের চেয়ে বেশি হলে এমনটি ঘটে। জনসংখ্যা বৃদ্ধির ফলে অপরিকল্পিত উন্নয়ন, বৃক্ষনিধন এবং গ্রিন হাউজ গ্যাসের প্রভাবে বায়ুমণ্ডল ধীরে ধীরে রুক্ষ ও শুষ্ক হয়ে ওঠে। ফলে বার্ষিক বৃষ্টিপাতের পরিমাণ কমে যায়, সৃষ্টি হয় খরা। গভীর নলকূপের সাহায্যে ভূ-গর্ভস্থ পানির যথেচ্ছা উত্তোলনের ফলে পানির স্তর অস্বাভাবিকভাবে নিচে নেমে যাওয়ার ফলেও খরা সৃষ্টি হয়।

গ উদ্দীপকে উল্লিখিত রাজেশের এলাকায় ঘটা দুর্যোগটি হলো সাইক্লোন বা ঘূর্ণিঝড়। মূলত নিম্নচাপ ও উচ্চতাপমাত্রার কারণে ঘূর্ণিঝড় সৃষ্টি হয়।
সাধারণত ঘূর্ণিঝড় তৈরি হতে সাগরের তাপমাত্রা ২৭° সেলসিয়াসের বেশি হতে হয়। সাগরে বৃষ্টিপাতের ফলে সুপ্ততাপ ছেড়ে দেওয়ায় বাষ্পীভবন বাড়িয়ে দেয়। এ সুপ্ততাপের প্রভাবে বায়ুমণ্ডলের তাপমাত্রা বৃদ্ধি পেয়ে নিম্নচাপের সৃষ্টি হয়। পরবর্তীতে সৃষ্ট নিম্নচাপে আশপাশের বাতাস সেখানে ধাবিত হয় যা বাড়তি তাপমাত্রার কারণে ঘূর্ণি আকারে উপরের দিকে উঠতে থাকে এবং ঘূর্ণিঝড়ের সৃষ্টি হয়।

ঘ উদ্দীপকে উল্লিখিত আমিনের এলাকার দুর্যোগটি হলো টর্নেডো বা কালবৈশাখী। টর্নেডোর কোন পূর্বাভাস দেওয়া যায় না। সাইক্লোন এর তুলনায় টর্নেডো অনেক বেশি ক্ষতিসাধন করে।
সাইক্লোনের মতো টর্নেডোর ক্ষেত্রেও প্রচণ্ড বেগে বাতাস ঘূর্ণির আকারে প্রবাহিত হয় এবং পথিমধ্যে যা পড়ে তার সবই ধ্বংসযজ্ঞের শিকার হয়। টর্নেডোর ক্ষেত্রে বাতাসের গতিবেগ সাইক্লোনের চেয়ে বেশি হয় এবং তা সাধারণত ঘণ্টায় ৪৮০-৮০০ কিলোমিটার পর্যন্ত হতে পারে। এর বিস্তার মাত্র কয়েক মিটার এবং দৈর্ঘ্য ৫-৩০ কিলোমিটার হতে পারে। সাইক্লোনের সাথে টর্নেডোর মূল পার্থক্য হলো সাইক্লোন সৃষ্টি হয় সাগরে এবং এটি উপকূলীয় এলাকায় আঘাত হানে। আর টর্নেডো যেকোনো স্থানেই সৃষ্টি হতে পারে ও আঘাত হানতে পারে। সাইক্লোনের মতো টর্নেডো সৃষ্টির জন্যও লঘু বা নিম্নচাপ সৃষ্টি হওয়াই প্রধান কারণ। এর ফলে উষ্ণ বাতাস উপরে উঠে যায় এবং ঐ শূন্য জায়গা পূরণের জন্যই শীতল বাতাস প্রচণ্ড বেগে ঐ শূন্য জায়গার দিকে ধাবিত হয় বলেই টর্নেডো সৃষ্টি হয়।
পূর্বাভাস দেওয়া যায় না বলে টর্নেডোতে জানমালের ব্যাপক ক্ষতির সম্ভাবনা থাকে । ঘূর্ণিঝড়ের ক্ষেত্রে পূর্বাভাস অনুযায়ী সতর্কতা অবলম্বন করলে ক্ষয়ক্ষতি হলেও অনেক জীবন বাঁচে। তাই রাজেশের এলাকায় দুর্যোগের চেয়ে আমিনের এলাকায় দুর্যোগটি বেশি ক্ষতিকর সম্পূর্ণ যৌক্তিক।

প্রশ্ন ▶৪ ফারজানাদের বাড়ি রাজশাহী বিভাগের লালপুরে। বর্ষাকালেও একটানা অনেকদিন এলাকায় কোন বৃষ্টিপাত না হওয়ায় আবহাওয়া চরম শুষ্ক হয়ে যায়। এ সময়কালে ফারজানা একদিন সন্ধ্যায় খাটের উপর বসে টেলিভিশন দেখছিল। হঠাৎ আলমারীর উপরে থাকা জিনিসপত্রগুলো কেঁপে উঠলো এবং কিছু কিছু জিনিস নিচে পড়ে গিয়ে ভেঙ্গে গেল। ◀ *শিখনফল-৩ [কু. বো. ২০১৬, চ. বো. ২০১৬]*

ক. সুনামি অর্থ কী? ১
খ. এসিড বৃষ্টি কেন হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রথম প্রাকৃতিক দুর্যোগটি কী? ব্যাখ্যা করো।৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দ্বিতীয় প্রাকৃতিক দুর্যোগের হাত থেকে রক্ষা পাওয়ার কোনো উপায় আছে কী? বিশ্লেষণ করো। ৪

৪ নং প্রশ্নের উত্তর

ক সুনামি শব্দের অর্থ বন্দরের ঢেউ।

খ এসিড বৃষ্টির জন্য প্রাকৃতিক ও মানুষের সৃষ্ট কিছু কারণ জড়িত। প্রাকৃতিক কারণসমূহের মধ্যে রয়েছে আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, দাবানল, বজ্রপাত, গাছপালার পতন ইত্যাদি। এই সকল প্রক্রিয়ার মাধ্যমে নাইট্রোজেনের অক্সাইডসমূহ ও সালফার ডাইঅক্সাইড গ্যাস নিঃসৃত হয়, যা পরে বাতাসের অক্সিজেন ও বৃষ্টির পানির সাথে বিক্রিয়া করে যথাক্রমে নাইট্রিক এসিড ও সালফিউরিক এসিড তৈরি করে এবং পরবর্তীতে যখন বৃষ্টি হয় তখন বৃষ্টির সাথে মিশে এসিড বৃষ্টির সৃষ্টি করে।

গ উদ্দীপকে উল্লিখিত প্রথম প্রাকৃতিক দুর্যোগটি হলো খরা। কোনো কোনো অঞ্চলে বৃষ্টিপাত না হওয়ায় অথবা বর্ষাকালে একটানা অনেকদিন বৃষ্টিপাত না হলে খরা সৃষ্টি হয়। জলবায়ুজনিত কারণে সৃষ্ট খরায় বাংলাদেশে ফসল উৎপাদন মারাত্মকভাবে ব্যাহত হতে পারে।
খরা একটি ভয়ানক প্রাকৃতিক দুর্যোগ। এর ফলে ফসল উৎপাদন কমে যায় এবং তা দুর্ভিক্ষের কারণ হতে পারে। খরা হওয়ার বেশ কয়েকটি কারণ রয়েছে, যার মধ্যে অন্যতম হলো দীর্ঘকালীন শুষ্ক আবহাওয়া ও পর্যাপ্ত বৃষ্টিপাত না হওয়া। বাষ্পীভবন ও প্রস্বেদনের পরিমাণ বৃষ্টিপাতের চেয়ে বেশি হলে এমনটি ঘটে থাকে। জনসংখ্যা বৃদ্ধির কারণে অপরিকল্পিত উন্নয়ন, বৃক্ষনিধন ও গ্রিন হাউস গ্যাসের প্রভাবে

বায়ুমণ্ডল ধীরে ধীরে রুক্ষ ও শুষ্ক হয়ে ওঠে। সাম্প্রতিককালে বাংলাদেশে বৃষ্টিপাত কমে সৃষ্ট খরার কারণে পূর্ব প্রশান্ত মহাসাগরের মেরু অঞ্চলে সৃষ্ট এলনিনোকে দায়ী করা হয়। খরা হলে মাটি পানিশূন্য হয়ে যায়, ফলে মাটিতে গাছপালা ও শস্য জন্মাতে পারে না। জলবায়ুজনিত সৃষ্ট খরায় বাংলাদেশের উত্তরাঞ্চলের কয়েকটি জেলায় ফসল উৎপাদন মারাত্মক ব্যাহত হচ্ছে।

ঘ উদ্দীপকের প্রাকৃতিক দুর্যোগ তথা ভূমিকম্পের হাত থেকে রক্ষা পাওয়ার কোনো উপায় নেই, তবে এতে জানমালের ক্ষয়ক্ষতি কমানো যায়। সেক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো ঘরবাড়ি ও অন্যান্য স্থাপনা তৈরি। ভূমিকম্প হলে জরুরি ভিত্তিতে সরকারি ও অন্যান্য সংস্থার সমন্বয় যথাসম্ভব দ্রুত ত্রাণ তৎপরতা ও উদ্ধারকাজ নিশ্চিত করতে হবে এবং তার জন্য আগাম প্রস্তুতি থাকতে হবে। এ ব্যাপারে কিছু সতর্কমূলক ব্যবস্থা গ্রহণ করা যায়। সেগুলো হলো-

আমাদের বাসস্থান সম্পর্কে ভালো জ্ঞান রাখতে হবে এবং এতে ভূমিকম্পের ঝুঁকি কতটুকু তা জানতে হবে। ঝুঁকিপূর্ণ বড় ভবনে থাকা যাবে না। ঘরবাড়ি বা অফিসে ৩-৪ দিনের পানি, খাবার, আলো না থাকলেও যাতে বাঁচা যায়, সে ব্যবস্থা রাখতে হবে। এটাও মাথায় রাখতে হবে যে শুধু নিজের পরিবার ও প্রতিবেশী ছাড়াও অন্যান্য লোকজনের ব্যাপারে সুনজর রাখতে হবে। জরুরি এবং দ্রুত সাড়া দেওয়ার প্রস্তুতি থাকতে হবে। সেক্ষেত্রে ফায়ার সার্ভিস, হাসপাতাল, পুলিশ বাহিনীর কথা বিবেচনায় রাখতে হবে। বিদ্যুৎ, পানি, রাস্তাঘাট, যোগাযোগের জন্য মোবাইল ফোন ইত্যাদি সব রকম ব্যবস্থা রাখতে হবে। ক্ষতিগ্রস্ত মানুষের পুর্নবাসনের জন্য স্বল্প ও দীর্ঘমেয়াদি ব্যবস্থা রাখতে হবে। ভূমিকম্পের ফলে সম্ভাব্য ক্ষতি সম্পর্কে ধারণা রাখতে হবে এবং তা মোকাবিলার জন্য একটি পরিকল্পনা আগে থেকেই গ্রহণ করতে হবে। কিছু শুকনা খাবার, পানি, টর্চলাইট, ছোট রেডিও, ব্যাটারি, প্রাথমিক চিকিৎসা, কিট, কিছু ঔষধপত্র, বাঁশি, অগ্নি নির্বাপক যন্ত্র-এগুলো হাতের কাছে রাখতে হবে।

প্রশ্ন ▶ ৫ তাহসিন রাতে পড়ার টেবিলে পড়ছিল। এমন সময় লক্ষ করলো সিলিং ফ্যান, টেবিল কাঁপছে। পরদিন সকালে দেখলো আশেপাশের অনেক বাড়িঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। সে বুঝতে পারলো রাতে এক ধরনের প্রাকৃতিক দুর্যোগ হয়েছে। ◀ *শিখনফল-৩ [সি. বো. ২০১৬]*

ক. সাইক্লোন কী? ১

খ. এসিড বৃষ্টি কেন হয়? ২

গ. তাহসিনের লক্ষ করা প্রাকৃতিক দুর্যোগ কিভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষা পাবার জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা যায়? বিশ্লেষণ করো। ৪

৫ নং প্রশ্নের উত্তর

ক নিম্নচাপজনিত কারণে প্রচণ্ড গতিবেগে ঘূর্ণনের আকারে বাতাস প্রবাহিত হয়ে যে ঝড় হয় তাই সাইক্লোন।

খ এসিড বৃষ্টির জন্য প্রাকৃতিক ও মানুষের সৃষ্ট কিছু কারণ জড়িত। প্রাকৃতিক কারণসমূহের মধ্যে রয়েছে আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, দাবানল, বজ্রপাত, গাছপালার পতন ইত্যাদি। এই সকল প্রক্রিয়ার মাধ্যমে নাইট্রোজেনের অক্সাইডসমূহ ও সালফার ডাইঅক্সাইড গ্যাস নিঃসৃত হয়, যা পরে বাতাসের অক্সিজেন ও বৃষ্টির পানির সাথে বিক্রিয়া করে যথাক্রমে নাইট্রিক এসিড ও সালফিউরিক এসিড তৈরি করে এবং পরবর্তীতে যখন বৃষ্টি হয় তখন বৃষ্টির সাথে মিশে এসিড বৃষ্টির সৃষ্টি করে।

গ তাহসিনের লক্ষ করা প্রাকৃতিক দুর্যোগটি হচ্ছে ভূমিকম্প। ভূ-অভ্যন্তরে হঠাৎ সৃষ্ট কোনো কম্পন ভূ-ত্বকে আকস্মিক আন্দোলন সৃষ্টি করলে তাই ভূমিকম্প।

ভূমিকম্প কয়েক সেকেন্ড স্থায়ী হয় এবং পর্যায়ক্রমে একাধিকবার ঘটতে পারে। মৃদু ভূমিকম্প অনুভূত হয় না কিন্তু শক্তিশালী ভূমিকম্প সহজেই অনুভূত হয়। নিচে ভূমিকম্প কীভাবে সৃষ্টি হয় তা ব্যাখ্যা করা হলো–

আমাদের ভূগর্ভ কতকগুলো ভাগে বিভক্ত যাদের টেকটনিক প্লেট বলা হয়। এই টেকটনিক প্লেটগুলো অস্থিতিশীল নয়, চলমান থাকে।। এই টেকটনিক প্লেটগুলো স্থান পরিবর্তনের সময় একে অপরের সাথে সজোরে আঘাত লাগে। আর এই আঘাতের ফলেই সৃষ্টি হয় ভূমিকম্প। রিখটার স্কেল দিয়ে ভূমিকম্প পরিমাপ করা হয়।

ঘ উদ্দীপকের প্রাকৃতিক দুর্যোগ তথা ভূমিকম্পের হাত থেকে রক্ষা পাওয়ার কোনো উপায় নেই, তবে এতে জানমালের ক্ষয়ক্ষতি কমানো যায়। সেক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো ঘরবাড়ি ও অন্যান্য স্থাপনা তৈরি। ভূমিকম্প হলে জরুরি ভিত্তিতে সরকারি ও অন্যান্য সংস্থার সমন্বয় যথাসম্ভব দ্রুত ত্রাণ তৎপরতা ও উদ্ধারকাজ নিশ্চিত করতে হবে এবং তার জন্য আগাম প্রস্তুতি থাকতে হবে। এ ব্যাপারে কিছু সতর্কমূলক ব্যবস্থা গ্রহণ করা যায়। সেগুলো হলো-

আমাদের বাসস্থান সম্পর্কে ভালো জ্ঞান রাখতে হবে এবং এতে ভূমিকম্পের ঝুঁকি কতটুকু তা জানতে হবে। ঝুঁকিপূর্ণ বড় ভবনে থাকা যাবে না। ঘরবাড়ি বা অফিসে ৩-৪ দিনের পানি, খাবার, আলো না থাকলেও যাতে বাঁচা যায়, সে ব্যবস্থা রাখতে হবে। এটাও মাথায় রাখতে হবে যে শুধু নিজের পরিবার ও প্রতিবেশী ছাড়াও অন্যান্য লোকজনের ব্যাপারে সুনজর রাখতে হবে। জরুরি এবং দ্রুত সাড়া দেওয়ার প্রস্তুতি থাকতে হবে। সেক্ষেত্রে ফায়ার সার্ভিস, হাসপাতাল, পুলিশ বাহিনীর কথা বিবেচনায় রাখতে হবে। বিদ্যুৎ, পানি, রাস্তাঘাট, যোগাযোগের জন্য মোবাইল ফোন ইত্যাদি সব রকম ব্যবস্থা রাখতে হবে। ক্ষতিগ্রস্ত মানুষের পুর্নবাসনের জন্য স্বল্প ও দীর্ঘমেয়াদি ব্যবস্থা রাখতে হবে। ভূমিকম্পের ফলে সম্ভাব্য ক্ষতি সম্পর্কে ধারণা রাখতে হবে এবং তা মোকাবিলার জন্য একটি পরিকল্পনা আগে থেকেই গ্রহণ করতে হবে। কিছু শুকনা খাবার, পানি, টর্চলাইট, ছোট রেডিও, ব্যাটারি, প্রাথমিক চিকিৎসা, কিট, কিছু ঔষধপত্র, বাঁশি, অগ্নি নির্বাপক যন্ত্র-এগুলো হাতের কাছে রাখতে হবে।

প্রশ্ন ▶ ৬ টিভি সংবাদের আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তিতে ৫নং বিপদ সংকেত প্রচার হলে, রকি তার বাবাকে এ ব্যাপারে জিজ্ঞাসা করে। বাবা বললেন এটি এক ধরনের প্রাকৃতিক দুর্যোগ যা গভীর সমুদ্রে সৃষ্টি হয়। পরে তিনি এটি সৃষ্টির কারণ ব্যাখ্যা করেন।

◀ *শিখনফল-৩ [য. বো. ২০১৬]*

ক. সুনামি অর্থ কী? ১

খ. এসিড বৃষ্টি কেন হয়? ২

গ. উদ্দীপকের দুর্যোগ সৃষ্টির কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষা পাবার জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা যায়? বিশ্লেষণ করো। ৪

৬ নং প্রশ্নের উত্তর

ক সুনামি অর্থ হলো বন্দরের ঢেউ।

খ এসিড বৃষ্টির জন্য প্রাকৃতিক ও মানুষের সৃষ্ট কিছু কারণ জড়িত। প্রাকৃতিক কারণসমূহের মধ্যে রয়েছে আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, দাবানল, বজ্রপাত, গাছপালার পতন ইত্যাদি। এই সকল প্রক্রিয়ার মাধ্যমে নাইট্রোজেনের অক্সাইডসমূহ ও সালফার ডাইঅক্সাইড গ্যাস নিঃসৃত হয়, যা পরে বাতাসের অক্সিজেন ও বৃষ্টির পানির সাথে বিক্রিয়া করে যথাক্রমে নাইট্রিক এসিড ও সালফিউরিক এসিড তৈরি করে এবং পরবর্তীতে যখন বৃষ্টি হয় তখন বৃষ্টির সাথে মিশে এসিড বৃষ্টির সৃষ্টি করে।

গ উদ্দীপকে উল্লিখিত প্রাকৃতিক দুর্যোগ হলো সাইক্লোন বা ঘূর্ণিঝড়। সাধারণত ঘূর্ণিঝড় সৃষ্টি হয় গভীর সমুদ্রে। মূলত নিম্নচাপ ও উচ্চতাপমাত্রার কারণে ঘূর্ণিঝড় সৃষ্টি হয়।

সাধারণত ঘূর্ণিঝড় তৈরি হতে সাগরের তাপমাত্রা ২৭° সেলসিয়াসের বেশি হতে হয়। সাগরে বৃষ্টিপাতের ফলে সুপ্ততাপ ছেড়ে দেওয়ায় বাষ্পীভবন বাড়িয়ে দেয়। এ সুপ্ততাপের প্রভাবে বায়ুমণ্ডলের তাপমাত্রা বৃদ্ধি পেয়ে নিম্নচাপের সৃষ্টি হয়। পরবর্তীতে সৃষ্ট নিম্নচাপে আশপাশের বাতাস সেখানে ধাবিত হয় যা বাড়তি তাপমাত্রার কারণে ঘূর্ণি আকারে উপরের দিকে উঠতে থাকে এবং ঘূর্ণিঝড়ের সৃষ্টি হয়।

ঘ উদ্দীপকের প্রাকৃতিক দুর্যোগটি হলো ঘূর্ণিঝড়।

উদ্দীপকের দুর্যোগটি প্রাকৃতিক হওয়ায় এটি প্রতিরোধ করা প্রায় অসম্ভব। এটি অত্যন্ত শক্তিশালী। এমনকি একটি দুর্বল সাইক্লোনও ক্ষমতায় মেগাটন শক্তির কয়েক হাজার পারমাণবিক বোমার সমতুল্য হয়। তাই এই দুর্যোগে ক্ষয়ক্ষতির পরিমাণ হ্রাস করতে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় নিলে উপকৃত হওয়া যাবে বলে আমি মনে করি।

i. আমাদের সাইক্লোনের পূর্বাভাস প্রক্রিয়া জোরদার করতে হবে এবং জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি ঠেকানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।
ii. সাইক্লোনের আরেকটি মারাত্মক দিক হলো জলোচ্ছ্বাস। তাই উঁচু করে মজবুত আশ্রয়কেন্দ্র তৈরি করতে হবে।
iii. নিচু এলাকায় বসবাসরত মানুষকে নিরাপদ আশ্রয়স্থলে সরিয়ে নেয়ার ব্যবস্থা করতে হবে।
iv. জলোচ্ছ্বাস ঠেকানোর জন্য উপকূলীয় বাঁধ তৈরি করতে হবে। সাথে সাথে সেখানে প্রচুর গাছপালা লাগিয়েও ক্ষতির পরিমাণ কমানো যাবে।
v. বাংলাদেশে ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় ও বাংলাদেশ রেড ক্রিসেন্টের যৌথ উদ্যোগে ইতিমধ্যেই সাইক্লোন প্রস্তুতি কার্যক্রম চালু আছে। এর আওতায় প্রায় ৩২০০০ স্বেচ্ছাসেবী উপকূলীয় এলাকায় জনসচেতনতা বৃদ্ধিসহ অন্যান্য কাজ করে যাচ্ছে। এই কার্যক্রম আরও অনেক বেশি জোরদার করতে হবে।

এসব কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করলে ক্ষয়ক্ষতির পরিমাণ বহুলাংশে কমানো সম্ভব।

প্রশ্ন ▶ ৭ ভোলা জেলার জেলে পাড়ার অধিবাসী গেদু মিয়া দু'-একদিন আকাশ খানিকটা মেঘাচ্ছন্ন থাকায় রেডিওতে খবর শুনতে গিয়ে জানতে পেল গভীর সাগরে ঘূর্ণিঝড় আইলা সৃষ্টি হয়েছে। ইউনিয়নের চেয়ারম্যান সাহেব জরুরীভিত্তিতে মেম্বার, গ্রামের গণ্যমান্য নারী-পুরুষ ও কয়েকটি এনজিও সংস্থার কর্মীদের সাথে সভা করে ঘূর্ণিঝড় মোকাবিলার অংশ হিসেবে নিজে মাইকিং করে আশ্রয় কেন্দ্রে চলে যাওয়ার জন্য উদ্বুদ্ধ করা সত্ত্বেও অনেকে আশ্রয়কেন্দ্রে গেলেও গেদু মিয়া ও তার পরিবার বাড়িতে অবস্থান করায় স্ত্রী-পুত্রকে হারিয়ে এখন পাগল প্রায়। ◀ *শিখনফল-৩ [বি. বো. ২০১৬]*

ক. ভূমিকম্প কী? ১
খ. পৃথিবীতে গ্রিন হাউস গ্যাসের নিঃসরণ বেড়ে যাচ্ছে কেন? ২
গ. গেদু মিয়ার চেয়ারম্যান সাহেবের গৃহীত পদক্ষেপ উপেক্ষা করার কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. গেদু মিয়ার এহেন পরিণতির মূলে কোন ধরনের কারণ থাকতে পারে বলে তুমি মনে কর, তা চেয়ারম্যান সাহেবের তৎপরতার আলোকে বিশ্লেষণ করো। ৪

৭ নং প্রশ্নের উত্তর

ক ভূ-অভ্যন্তরে হঠাৎ সৃষ্ট কোনো কম্পন ভূত্বকে আকস্মিক যে আন্দোলন সৃষ্টি করে তাই ভূমিকম্প।

খ কার্বন ডাইঅক্সাইড, ওজোন, মিথেন, সিএফসি, নাইট্রাস অক্সাইড ও জলীয়বাষ্প প্রভৃতি গ্রিন হাউস গ্যাস নামে পরিচিত, যা বৈশ্বিক উষ্ণতার মূল কারণ। যানবাহন, শিল্প-কারখানা, বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র ইত্যাদি থেকে সৃষ্ট ধোঁয়া গ্রিন হাউস গ্যাস বৃদ্ধির অন্যতম কৃত্রিম কারণ। আর প্রাকৃতিক কারণের মধ্যে রয়েছে আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, দাবানল, প্রাকৃতিকভাবে গাছপালার ক্ষয় ইত্যাদি। জনসংখ্যা বৃদ্ধির ফলে বনভূমি ধ্বংস হয়ে যাচ্ছে। এতে প্রাকৃতিক উপায়ে গাছপালার দ্বারা কার্বন ডাইঅক্সাইডের শোষণ কমে যাচ্ছে। ফলে বায়ুমণ্ডলে গ্রিন হাউস গ্যাসের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে।

গ উদ্দীপকের গেদু মিয়ার এলাকার দুর্যোগটি হলো ঘূর্ণিঝড় বা সাইক্লোন। নিম্নচাপজনিত কারণে যখন প্রচণ্ড গতিবেগে ঘূর্ণনের আকারে বাতাস বয়, তাকে সাইক্লোন বলে। গেদু মিয়ার এলাকার চেয়ারম্যান এ ঘূর্ণিঝড়ের পূর্বাভাস পেয়ে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে সবাইকে আশ্রয়কেন্দ্র যাওয়ার পরামর্শ দিলেও গেদু মিয়া তা উপেক্ষা করে। এ সতর্কতা উপেক্ষা করে গেদু মিয়ার আশ্রয়কেন্দ্রে না যাওয়ার কারণ নিচে ব্যাখ্যা করা হলো–

সাইক্লোন সৃষ্টির মূল কারণ উচ্চ তাপমাত্রা ও নিম্নচাপ। সাধারণত সাইক্লোন তৈরি হয় সাগরের মাঝখানে। যখন নিম্নচাপ সৃষ্টি হয় তখন আশপাশের বাতাস ঐ স্থানে প্রচণ্ড বেগে ধাবিত হয়, যা বাড়তি তাপমাত্রার কারণে ঘুরতে ঘুরতে উপরে উঠতে থাকে। এ ঘূর্ণায়মান ঝড় স্যাটেলাইট থেকে পর্যবেক্ষণের মাধ্যমে এর গতিপথ ও ভয়াবহতার পূর্বাভাস দেওয়া সম্ভব। তবে অনেক সময় সমুদ্রের গভীর থেকে স্থল পর্যন্ত আসতে আসতে এই ঘূর্ণিঝড় দুর্বল হয়ে পড়ে বলে তেমন কোনো ক্ষয়ক্ষতি হয় না। প্রতিবছর অনেক ঘূর্ণিঝড় সৃষ্টি হয়ে পরবর্তীতে দুর্বল হয়ে পড়ে বলে পূর্বাভাসের পরেও স্থলভাগে তেমন কোনো জোরালো আঘাত হানে না। যার কারণে অনেকেই পূর্বাভাসকে গুরুত্ব না দিয়ে আশ্রয়কেন্দ্র যান না এবং নিজের ও জানমালের ক্ষতির সম্মুখীন হন।

আলোচনার ভিত্তিতে বলা যায়, পূর্বাভাস অনুযায়ী মাঝে মধ্যেই শক্তিশালী ঘূর্ণিঝড় হয় না বলে গেদু মিয়া চেয়ারম্যানের গৃহীত পদক্ষেপ উপেক্ষা করে আশ্রয়কেন্দ্রে যাননি।

ঘ গেদু মিয়া তাদের চেয়ারম্যানের সতর্কতা উপেক্ষা করার কারণে তার পরিবার হারিয়ে এখন নিঃস্ব। চেয়ারম্যান সাহেব ঝড় আরম্ভ হওয়ার পূর্বে কিছু সতর্কতামূলক নির্দেশনা জনগণকে দিয়েছিলেন, সেগুলো হলো–

(i) অবহনযোগ্য সম্পদ নিরাপদ আশ্রয়ে বাড়ির ভিতর আবৃত করে ভারি দ্রব্যাদি দিয়ে চাপা দিয়ে রাখা।
(ii) খাবার পানি কলসিতে ভরে ভালো করে ঢাকনা দিয়ে পলিথিন দিয়ে বেঁধে মাটির নিচে পুঁতে রাখা।
(iii) গবাদিপশু সঙ্গে করে নিয়ে উঁচু ঢিলা বা কিলাতে নিয়ে যাওয়া।
(iv) টাকা, পয়সা, বা মূল্যবান বস্তু হাঁড়ির ভেতরে ভরে পলিথিন দিয়ে আবৃত করে মাটি চাপা দিয়ে রাখা।
(v) আশ্রয় কেন্দ্রে যাওয়ার আগে চিড়া,মুড়ি, গুড়, বাতাসা, পানি নিয়ে যাওয়ার ব্যবস্থা করা।
(vi) বাড়িতে নারকেলের গাছ থাকলে ডাব ও নারকেল পেড়ে নিরাপদ জায়গায় রাখা, যাতে দুর্যোগ শেষে ডাবের পানি বিশুদ্ধ পানীয় জল হিসেবে ব্যবহার করা যায়।
(vii) কাঁচা বাড়ি যাতে সহজে ভেঙে না পড়ে সেজন্য দড়ি দিয়ে শক্ত করে মাটির সঙ্গে খুঁটিতে বেঁধে রাখা। বাড়ির চালার টিনও এভাবে বেঁধে রাখলে উড়ে যাওয়ার সম্ভাবনা থাকবে না।

মূলত, গেদু মিয়া উপরোক্ত পদক্ষেপসমূহ অনুসরণ না করায় এবং আশ্রয়কেন্দ্রে না যাওয়ায় তার এহেন পরিণতি হয়েছে।

প্রশ্ন ▶৮ একদিন উর্মি লক্ষ করল, তার বিছানাপত্র ও সিলিং ফ্যানগুলো নড়ছে। সেলফে থাকা ছোট ছোট দ্রব্যগুলো নিচে পড়ে যাচ্ছে। পরের দিন তিনি জানতে পারলেন ঘূর্ণায়মান প্রবল বাতাসে দেশের উত্তরাঞ্চলের কয়েকটি জেলায় ব্যাপক ক্ষতিসাধন হয়েছে। সেখানে বাতাসের গতিবেগ ছিল প্রায় ৫২০ কি.মি./ঘন্টা যা সাইক্লোনের চেয়ে বেশি। ◀ *শিখনফল-৩ [চা. বো. ২০১৫]*

ক. সুনামি অর্থ কী? ১

খ. ম্যানগ্রোভ বন বলতে কী বোঝায়? ২

গ. উর্মির অনুভব করা প্রথম ঘটনার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. তার জানা দ্বিতীয় ঘটনার সাথে সাইক্লোনের পার্থক্য বিশ্লেষণ করো। ৪

৮ নং প্রশ্নের উত্তর

ক সুনামি অর্থ হলো বন্দরের ঢেউ।

খ ম্যানগ্রোভ বন বলতে এমন বন বোঝায় যার ভূমি প্রতিদিন কিছু সময়ের জন্য (কয়েক ঘন্টা) সমুদ্রের জোয়ারের পানিতে ডুবে যায়। এ বনের বেশির ভাগ উদ্ভিদের শ্বাসমূল থাকে। এখানকার প্রাণী সম্প্রদায় মাটি ও পানি উভয় এলাকায় বসবাস করতে সক্ষম। সুন্দরবন হলো পৃথিবীর সর্ববৃহৎ ম্যানগ্রোভ বন।

গ উর্মির অনুভব করা প্রথম ঘটনাটি হলো ভূমিকম্প। ভূ-অভ্যন্তরে হঠাৎ সৃষ্ট কোনো কম্পন ভূ-ত্বকে আকস্মিক আন্দোলন সৃষ্টি করলে তাই ভূমিকম্প। কয়েক সেকেন্ড স্থায়ী হয় এবং পর্যায়ক্রমে একাধিকবার ঘটতে পারে। নিচে ভূমিকম্প কীভাবে সৃষ্টি হয় তা ব্যাখ্যা করা হলো—

ভূগর্ভ কতকগুলো ভাগে বিভক্ত যাদের টেকটনিক প্লেট বলা হয়। এই টেকটনিক প্লেটগুলো স্থিতিশীল নয়, চলমান থাকে। এই টেকটনিক প্লেটগুলো স্থান পরিবর্তনের সময় একে অপরের সাথে সজোরে আঘাত লাগে।

আর এই আঘাতের ফলেই সৃষ্টি হয় ভূমিকম্প।

ঘ উদ্দীপকে উল্লিখিত দ্বিতীয় দুর্যোগ হলো টর্নেডো।

উদ্দীপক হতে দেখা যায় উত্তরাঞ্চলের কয়েকটি জেলায় আঘাত হানা প্রবল বাতাসের গতিবেগ ছিল প্রায় ৫২০ কি.মি./ঘণ্টা। আমরা জানি, টর্নেডোর ক্ষেত্রে বাতাসের গতিবেগ সাইক্লোনের চেয়ে বেশি হয় এবং তা সাধারণত ঘণ্টায় ৪৮০-৮০০ কিলোমিটার। তাই বলা যায়, উর্মির জানা দ্বিতীয় ঘটনাটি হলো টর্নেডো। নিচে টনের্ডোর সাথে সাইক্লোনের পার্থক্য বিশ্লেষণ করা হলো-

i. টর্নেডোর ও সাইক্লোনের মূল পার্থক্য হলো টর্নেডো যেকোনো স্থানেই সৃষ্টি হতে পারে ও আঘাত হানতে পারে। অপরদিকে সাইক্লোন সৃষ্টি হয় সাগরে এবং এটি উপকূলীয় এলাকায় আঘাত হানতে পারে।

ii. টর্নেডোর ক্ষেত্রে বাতাসের গতিবেগ সাইক্লোনের চেয়ে বেশি হয়। সাধারণত টর্নেডোর ক্ষেত্রে বাতাসের গতিবেগ ঘণ্টায় ৪৮০-৮০০ কিলোমিটার হতে পারে। অপরদিকে বাতাসের গতি ঘণ্টায় ৬৩ কিলোমিটারের উপরে হলেই তাকে সাইক্লোন হিসেবে গণ্য করা হয়।

iii. টর্নেডোর বেলায় পূর্বাভাস ও সতর্কবাণী প্রচার করা সম্ভব হয় না। অপরদিকে সাইক্লোনের ক্ষেত্রে পূর্বাভাস ও সতর্কবাণী প্রচার করা যায়।

প্রশ্ন ▶৯

◀ *শিখনফল-৩ [রা. বো. ২০১৫]*

ক. ঘূর্ণিঝড় কাকে বলে? ১

খ. এসিড বৃষ্টি কেন হয়? ২

গ. উদ্দীপকে সংঘটিত দুর্যোগটি সৃষ্টির কারণ বর্ণনা করো। ৩

ঘ. উক্ত দুর্যোগ মোকাবেলায় কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে তুমি মনে করো? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৯ নং প্রশ্নের উত্তর

ক নিম্নচাপজনিত কারণে যখন প্রচণ্ড গতিবেগে ঘূর্ণনের আকারে বাতাস বয় তখন তাকে সাইক্লোন বা ঘূর্ণিঝড় বলে।

খ এসিড বৃষ্টির জন্য প্রাকৃতিক ও মানুষের সৃষ্ট কিছু কারণ জড়িত। প্রাকৃতিক কারণসমূহের মধ্যে রয়েছে আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, দাবানল, বজ্রপাত, গাছপালার পাতন ইত্যাদি। এই সকল প্রক্রিয়ার মাধ্যমে নাইট্রোজেন অক্সাইড ও সালফার ডাইঅক্সাইড গ্যাস নিঃসৃত হয়, যা পরে বাতাসের অক্সিজেন ও বৃষ্টির পানির সাথে বিক্রিয়া করে যথাক্রমে নাইট্রিক এসিড ও সালফিউরিক এসিড তৈরি করে এবং পরবর্তীতে যখন বৃষ্টি হয় তখন বৃষ্টির সাথে মিশে এসিড বৃষ্টির সৃষ্টি করে।

গ উদ্দীপকে সংঘটিত দুর্যোগটি হচ্ছে বন্যা। বন্যা সৃষ্টির অন্যতম কারণ হলো নদ-নদীগুলোর পানি ধারণক্ষমতা কমে যাওয়া। নদী ভাঙ্গন, বর্জ্য অব্যবস্থাপনাসহ নানা কারণে নদ-নদী ভরাট হয়ে যাওয়ায় পানি ধারণক্ষমতা কমে যায়। ফলে, ভারী বর্ষণ বা উজানের অববাহিকা থেকে আসা পানি খুব সহজেই নদী ভরে দুকূল ছাপিয়ে বন্যার সৃষ্টি করে। এছাড়া মৌসুমী বায়ুর প্রভাব বঙ্গোপসাগরে সৃষ্ট জোয়ারের কারণে উজানের পানি নদ-নদীর মাধ্যমে সাগরে যেতে পারে না, ফলে আশপাশের এলাকায় বন্যা সৃষ্টি হয়।

আবার, বাংলাদেশের বেশিরভাগ এলাকা সমতল হওয়ায় বৃষ্টির পানি সহজে নদ-নদীতে গিয়ে পড়তে পারে না। কাজেই ভারী বর্ষণ হলে সৃষ্ট জলাবদ্ধতা থেকেও বন্যা হয়। এছাড়া বঙ্গোপসাগরে সাইক্লোনের কারণে সৃষ্ট জলোচ্ছ্বাস ও উপকূলীয় অঞ্চলে বন্যা সৃষ্টি করে।

ঘ উক্ত দুর্যোগ তথা বন্যা মোকাবেলায় অন্যতম পদক্ষেপ হতে পারে নদী খনন করে এদের পানি ধারণক্ষমতা বাড়ানো।

নদী প্রশিক্ষণের মাধ্যমে বন্যা নিয়ন্ত্রণে কার্যকর ভূমিকা নেওয়া যেতে পারে। নদী প্রশিক্ষণ হলো নদীর পাড়ে পাথর, সিমেন্টের ব্লক, বালির বস্তা, কাঠ বা বাঁশের ঢিবি ইত্যাদির মাধ্যমে বন্যা প্রতিরোধ করা। এছাড়াও পার্শ্ববর্তী দেশসমূহের সাথে আঞ্চলিক সহযোগীতা গড়ে তুলতে হবে, নিচু ও বন্যা প্রবণ এলাকায় যাতে বসতি গড়ে উঠতে না পারে সেজন্য ভূমি ব্যবহার ও নিয়ন্ত্রণে আইনি ব্যবস্থা নিতে হবে। ফলপ্রসূ বন্যা নিয়ন্ত্রণ ও করণীয় সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি বন্যা মোকাবেলায় অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করে। উঁচু স্থানে আশ্রয়কেন্দ্র বা মালামাল সংরক্ষণ কেন্দ্র, উঁচু রাস্তাঘাট, বাজার, স্কুল, মসজিদ, কবরস্থান ইত্যাদি তৈরি করে বন্যা মোকাবেলা করা যায়।

এছাড়া চলাচলের জন্য নৌকার ব্যবস্থা রাখাও বন্যা মোকাবেলায় সহায়ক ভূমিকা পালন করে।

প্রশ্ন ▶১০ টিভি সংবাদের আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তিতে ৫নং বিপদ সংকেত প্রচার হলে, রকি তার বাবাকে এ ব্যাপারে জিজ্ঞাসা করে। বাবা বললেন এটি এক ধরনের প্রাকৃতিক দুর্যোগ যা গভীর সমুদ্রে সৃষ্টি হয়। পরে তিনি এটি সৃষ্টির কারণ ব্যাখ্যা করেন। ◀ *শিখনফল-৩ [কু. বো.২০১৫]*

ক. সুনামি অর্থ কী? ১
খ. এসিড বৃষ্টি কেন হয়? ২
গ. উদ্দীপকের দুর্যোগ সৃষ্টির কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষা পাবার জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা যায়? বিশ্লেষণ করো। ৪

১০ নং প্রশ্নের উত্তর

ক সুনামি অর্থ হলো বন্দরের ঢেউ।

খ এসিড বৃষ্টির জন্য প্রাকৃতিক ও মানুষের সৃষ্ট কিছু কারণ জড়িত। প্রাকৃতিক কারণসমূহের মধ্যে রয়েছে আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, দাবানল, বজ্রপাত, গাছপালার পাতন ইত্যাদি। এই সকল প্রক্রিয়ার মাধ্যমে নাইট্রোজেন অক্সাইড ও সালফার ডাইঅক্সাইড গ্যাস নিঃসৃত হয়, যা পরে বাতাসের অক্সিজেন ও বৃষ্টির পানির সাথে বিক্রিয়া করে যথাক্রমে নাইট্রিক এসিড ও সালফিউরিক এসিড তৈরি করে এবং পরবর্তীতে যখন বৃষ্টি হয় তখন বৃষ্টির সাথে মিশে এসিড বৃষ্টির সৃষ্টি করে।

গ উদ্দীপকের দুর্যোগটি হলো ঘূর্ণিঝড়। নিচে ঘূর্ণিঝড় সিডর সৃষ্টির প্রক্রিয়া ব্যাখ্যা করা হলো—

ঘূর্ণিঝড় সিডর সৃষ্টিতে মূলত যে দুটি কারণ দায়ী তা হলো নিম্নচাপ ও উচ্চ তাপমাত্রা। ঘূর্ণিঝড় তৈরি হয় সাগরে। এ সময় সাগরের তাপমাত্রা ছিল ২৭° সেলসিয়াসের বেশি এবং সমুদ্রের উত্তপ্ত পানি বাষ্পীভবনের ফলে উপরে উঠে জলকণায় পরিণত হয়ে বাষ্পীভবনের সুপ্ততাপ বাতাসে ছেড়ে দেয়। সে কারণে বাতাস উত্তপ্ত হয়ে বাষ্পীভবন আরো বেড়ে যায় এবং বায়ুমণ্ডল অস্থিতিশীল হয়ে নিম্নচাপের সৃষ্টি হয়। নিম্নচাপ সৃষ্টির ফলে আশপাশের বাতাস সেখানে ধাবিত হয় যা বাড়তি তাপমাত্রার কারণে ঘুরতে ঘুরতে উপরে ওঠে ঘূর্ণিঝড় সৃষ্টি করে।

ঘ উদ্দীপকের প্রাকৃতিক দুর্যোগটি হলো ঘূর্ণিঝড়। ঘূর্ণিঝড়ের আগাম পূর্বাভাস দেওয়া সম্ভব। আবহাওয়া অধিদপ্তর স্যাটেলাইটের তথ্য পর্যবেক্ষণ করে ঘূর্ণিঝড় হবার অনেকটা সময় আগেই সতর্কতা সংকেত দিতে পারে। এই প্রাকৃতিক দুর্যোগটি থেকে রক্ষা পেতে তাই বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করতে হবে।

আমাদের ঘূর্ণিঝড়ের পূর্বাভাস প্রক্রিয়া আরও জোরদার করতে হবে এবং জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি ঠেকানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঘূর্ণিঝড়ের আরেকটি মারাত্মক দিক হলো জলোচ্ছ্বাস। তাই উঁচু করে মজবুত আশ্রয়কেন্দ্র তৈরি করতে হবে। নিচু এলাকায় বসবাসরত মানুষকে নিরাপদ আশ্রয়স্থলে সরিয়ে নেয়ার ব্যবস্থা করতে হবে। জলোচ্ছ্বাস ঠেকানোর জন্য উপকূলীয় বাঁধ তৈরি করতে হবে। সাথে সাথে সেখানে প্রচুর গাছপালা লাগিয়েও ক্ষতির পরিমাণ কমানো যাবে। বাংলাদেশে ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় ও বাংলাদেশ রেড ক্রিসেন্টের যৌথ উদ্যোগে ইতিমধ্যেই সাইক্লোন প্রস্তুতি কার্যক্রম চালু আছে। এর আওতায় প্রায় ৩২০০০ স্বেচ্ছাসেবী উপকূলীয় এলাকায় জনসচেতনতা বৃদ্ধিসহ অন্যান্য কাজ করে যাচ্ছে। এই কার্যক্রম আরও অনেক বেশি জোরদার করতে হবে।

এ ব্যবস্থাগুলো গ্রহণের মাধ্যমে জানমালের ক্ষয়ক্ষতি অনেকাংশেই কমানো যাবে বলে আমি মনে করি।

প্রশ্ন ▶১১ হঠাৎ এক বিশেষ ধরনের বৃষ্টির কারণে জিহান সাহেবের পুকুরের মাছগুলো মরে গেল। তিনি কিছু পরিমাণ পানি নিয়ে স্থানীয় মৎস্য কর্মকর্তার কাছে গেলেন। পানি পরীক্ষা করে কর্মকর্তা জানালেন পানিতে মাত্রাতিরিক্ত সালফিউরিক এসিড ও নাইট্রিক এসিড রয়েছে এবং পানির pH এর মান ৫-এর নীচে। ◀ *শিখনফল-৩ [সি. বো. ২০১৫]*

ক. বায়বায়ন কাকে বলে? ১
খ. গ্রিন হাউস গ্যাস বলতে কী বোঝায়? ২
গ. জিহান সাহেবের এলাকায় যে দুর্যোগ দেখা গেছে তা সৃষ্টির কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত সমস্যা সমাধানের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত– মতামত দাও। ৪

১১ নং প্রশ্নের উত্তর

ক যে প্রক্রিয়ায় মাটিতে থাকা গ্যাসের সাথে বায়ুমণ্ডলে থাকা বাতাসের গ্যাসের বিনিময় হয় তাকে বায়বায়ন বলে।

খ যেসব গ্যাস সূর্যের তাপ পৃথিবীতে আসতে বাধা দেয় না কিন্তু উত্তপ্ত পৃথিবী থেকে তাপকে চলে যেতে বাধা দেয় তাদেরকে গ্রিন হাউস গ্যাস বলে। যেমন— কার্বন ডাইঅক্সাইড, মিথেন, সিএফসি, জলীয় বাষ্প ইত্যাদি। বায়ুমণ্ডলে এ সকল গ্যাস পরিমাণে বেশি থাকলে ভূ-পৃষ্ঠ ও বায়ুমণ্ডল তাপ হারিয়ে শীতল হতে পারে না। ফলে বায়ুমণ্ডলের তাপমাত্রা ক্রমাগত বৃদ্ধি পায়।

গ জিহান সাহেবের এলাকায় এসিড বৃষ্টি হয়েছে। নিচে এসিড বৃষ্টি সৃষ্টির কারণ ব্যাখ্যা করা হলো—

এসিড বৃষ্টি সৃষ্টির প্রাকৃতিক কারণসমূহের মধ্যে রয়েছে আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, দাবানল, বজ্রপাত, গাছপালার পচন ইত্যাদি। এ প্রক্রিয়ার মাধ্যমে নাইট্রোজেন অক্সাইড ও সালফার ডাই-অক্সাইড গ্যাস নিঃসৃত হয়, যা পরে বাতাসের অক্সিজেন ও বৃষ্টির পানির সাথে বিক্রিয়া করে যথাক্রমে নাইট্রিক এসিড ও সালফিউরিক এসিড তৈরি করে। একইভাবে বিভিন্ন শিল্প-কারখানা বিশেষ করে কয়লা বা গ্যাসভিত্তিকবিদ্যুৎ উৎপাদন কেন্দ্র বা অন্যান্য শিল্প-কারখানা, যানবাহন, গৃহস্থালির চুলা ইত্যাদি উৎস থেকেও সালফার ডাই-অক্সাইড নির্গত হয়, যা এসিডে পরিণত হয় এবং বৃষ্টির পানির সাথে মিশে এসিড বৃষ্টি তৈরি করে।

ঘ উদ্দীপকে উল্লিখিত সমস্যাটি হলো এসিড বৃষ্টি। এসিড বৃষ্টি রোধে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

যেহেতু বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে ব্যবহৃত কয়লা থেকে নাইট্রোজেন অক্সাইড ও সালফার ডাইঅক্সাইড গ্যাস তৈরি হয়, সেহেতু কয়লা পরিশোধন করে সালফার ও নাইট্রোজেন মুক্ত করে ব্যবহার করতে হবে। পরিশোধন ব্যবস্থাপনা থাকলে কয়লার পরিবর্তে বিকল্প জ্বালানি ব্যবহার করা যেতে পারে।

এছাড়া শিল্প-কারখানা ও যানবাহন থেকে নির্গত ধোয়া নিয়ন্ত্রণের জন্য যথাযথ আইনগত ব্যবস্থা নিতে হবে। শিল্প কারখানায় দূষণ রোধক পদ্ধতি অবশ্যই বাধ্যতামূলক করতে হবে।

প্রশ্ন ▶১২ বাতাসের বেগ ঘণ্টায় ২২৫ কি.মি. হওয়ায় ১৯৯১ সালে বাংলাদেশে একটি ভয়ঙ্কর প্রাকৃতিক দুর্যোগ সম্পন্ন হয়। এরপর X অঞ্চলের চেয়ারম্যান রাকিব সাহেব উক্ত দুর্যোগ মোকাবেলার উপর প্রয়োজনীয় প্রশিক্ষণ নেন। পরবর্তীতে তার এলাকায় এরূপ দুর্যোগ মোকাবেলায় তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

◀ *শিখনফল-৩ [য. বো. ২০১৫]*

ক. সুনামি কী? ১
খ. এসিড বৃষ্টি হয় কেন? ২
গ. আলোচ্য দুর্যোগ কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. রাকিব সাহেবের গৃহীত ব্যবস্থার কার্যকারিতা বিশ্লেষণ করো। ৪

১২ নং প্রশ্নের উত্তর

ক সুনামি অর্থ হলো বন্দরের ঢেউ।

খ এসিড বৃষ্টির জন্য প্রাকৃতিক ও মানুষের সৃষ্ট কিছু কারণ জড়িত। প্রাকৃতিক কারণসমূহের মধ্যে রয়েছে আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, দাবানল, বজ্রপাত, গাছপালার পাতন ইত্যাদি। এই সকল প্রক্রিয়ার মাধ্যমে নাইট্রোজেন অক্সাইড ও সালফার ডাইঅক্সাইড গ্যাস নিঃসৃত হয়, যা পরে বাতাসের অক্সিজেন ও বৃষ্টির পানির সাথে বিক্রিয়া করে যথাক্রমে নাইট্রিক এসিড ও সালফিউরিক এসিড তৈরি করে এবং পরবর্তীতে যখন বৃষ্টি হয় তখন বৃষ্টির সাথে মিশে এসিড বৃষ্টির সৃষ্টি করে।

গ উদ্দীপক হতে দেখা যায়, ১৯৯১ সালে সম্পন্ন হওয়া প্রাকৃতিক দুর্যোগটির বাতাসের বেগ ছিল ঘণ্টায় ২২৫ কি.মি.। সাধারণত বাতাসের বেগ ঘণ্টায় ৬৩ কি.মি. এর বেশি হলে তাকে সাইক্লোন হিসেবে গণ্য করা হয়। তাই আলোচ্য দুর্যোগটি হলো ঘূর্ণিঝড় বা সাইক্লোন।
ঘূর্ণিঝড় সৃষ্টিতে মূলত যে দুটি কারণ দায়ী তা হলো নিম্নচাপ ও উচ্চ তাপমাত্রা। ঘূর্ণিঝড় তৈরি হয় বঙ্গোপসাগরে। এ সময় বঙ্গোপসাগরের তাপমাত্রা ছিল ২৭° সেলসিয়াসের বেশি এবং সাগরে বৃষ্টিপাতের ফলে সুপ্ত তাপ ছেড়ে দেয়, যা বাষ্পীভবন বাড়িয়ে দেয়। এই সুপ্ততাপের প্রভাবে বায়ুমণ্ডলের তাপমাত্রা বেড়ে গিয়ে বায়ুমণ্ডল অস্থিতিশীল হয়ে যায় এবং নিম্নচাপের সৃষ্টি হয়। নিম্নচাপ সৃষ্টির ফলে আশপাশের বাতাস সেখানে ধাবিত হয়। যখন এর বাড়তি তাপমাত্রার কারণে ঘুরতে ঘুরতে উপরে ওঠে ঘূর্ণিঝড় সৃষ্টি করে। এ প্রক্রিয়ায় সৃষ্ট বাতাসের বেগ অনেক বেশি হয়। যখন তা ঘণ্টায় প্রায় ৬৩ কিলোমিটার বা তার বেশি হয় তখন তাকে ঘূর্ণিঝড় হিসেবে গণ্য করা হয়।

ঘ রাকিব সাহেব 'X' অঞ্চলে সংঘটিত প্রাকৃতিক দুর্যোগ ঘূর্ণিঝড় মোকাবেলার জন্য প্রশিক্ষণ নেন এবং পরবর্তীতে তাঁর এলাকায় ঘূর্ণিঝড় মোকাবেলায় নিম্নলিখিত প্রয়োজনীয় ব্যবস্থাগুলো গ্রহণ করেন। এগুলো হলো —

i. ঘূর্ণিঝড়ের পূর্বাভাস প্রক্রিয়া জোরদার করা। এতে করে উক্ত এলাকার লোকজন প্রাকৃতিক দুর্যোগ সংঘটিত হওয়ার আগে খবর পাবে। এর ফলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুযোগ পাবে।
ii. উঁচু করে মজবুত আশ্রয়কেন্দ্র স্থাপন করে। ফলে মানুষজন দুর্যোগের সময় উক্ত আশ্রয় কেন্দ্রে আশ্রয় নিতে পারে।
iii. জলোচ্ছ্বাস ঠেকানোর জন্য উপকূলীয় এলাকায় বাঁধ তৈরির ব্যবস্থা করে। এতে ঘূর্ণিঝড়ে সৃষ্ট জলোচ্ছ্বাসের ফলে এলাকায় পানি ঢুকে যে ক্ষয়ক্ষতি হতো তার পরিমাণ কমে যাবে।
iv. এলাকায় প্রচুর পাছপালা লাগানোর ব্যবস্থা করে। এতে করে ঘূর্ণিঝড়ের মতো বাতাস থেকে তীরবর্তী এলাকার বাড়ি-ঘর রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।
v. এছাড়া তিনি বাংলাদেশ ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় ও বাংলাদেশ রেড ক্রিসেন্টের যৌথ উদ্যোগে পরিচালিত ঘূর্ণিঝড় প্রস্তুতি কার্যক্রমের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখে। যাতে যেকোনো মুহূর্তে তাদের সেবা গ্রহণ করতে পারে।

উপরিউক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে বলা যায়, রাকিব সাহেবের গৃহীত ব্যবস্থা ভবিষ্যতে দুর্যোগ মোকাবেলায় উক্ত এলাকায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

প্রশ্ন ▶ ১৩



◀ *শিখনফল-৩ [কু. বো. ২০১৫]*

ক. খরা কী? ১
খ. বৈশ্বিক উষ্ণতা বিপজ্জনক কেন? ২
গ. Q এর ঘটনাটি কীভাবে ঘটে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ছকের কোন ঘটনাটি মানবসৃষ্ট না হলেও সতর্কতা জরুরী? বিশ্লেষণ করো। ৪

১৩ নং প্রশ্নের উত্তর

ক খরা একটি মারাত্মক প্রাকৃতিক দুর্যোগ। যখন মাটিতে পানির পরিমাণ কমতে কমতে মাটি পানি শূন্য হয়ে যায় এবং এর ফলে মাটিতে গাছপালা বা শস্য জন্মাতে পারে না তখন এ অবস্থাকে খরা বলে।

খ বৈশ্বিক উষ্ণতার মূল কারণ অর্থাৎ গ্রিন হাউস গ্যাসের নিঃসরণ না কমালে, বায়ুমণ্ডলের তাপমাত্রা অনেক বেড়ে যাবে। এতে পৃথিবীর দুই প্রান্তের মেরুর বরফ গলে যাবে এবং সমুদ্রের উচ্চতা বেড়ে যাবে। ফলে বহু দেশ এবং দ্বীপ সমুদ্রের পানিতে তলিয়ে যাবে। সমুদ্রের লবণাক্ত পানি মূল ভূ-খণ্ডের ভেতর ঢুকে খাবার ও ব্যবহার করা পানিকে লবণাক্ত করবে। এ কারণেই বৈশ্বিক উষ্ণতা বিপদজনক।

গ Q এর ঘটনাটি হলো এসিড বৃষ্টি।
নিচে এসিড বৃষ্টি সৃষ্টির কারণ ব্যাখ্যা করা হলো—
এসিড বৃষ্টি সৃষ্টির প্রাকৃতিক কারণসমূহের মধ্যে রয়েছে আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, দাবানল, বজ্রপাত, গাছপালার পচন ইত্যাদি। এ প্রক্রিয়ার মাধ্যমে নাইট্রোজেন অক্সাইড ও সালফার ডাই-অক্সাইড গ্যাস নিঃসৃত হয়, যা পরে বাতাসের অক্সিজেন ও বৃষ্টির পানির সাথে বিক্রিয়া করে যথাক্রমে নাইট্রিক এসিড ও সালফিউরিক এসিড তৈরি করে। একইভাবে বিভিন্ন শিল্প-কারখানা বিশেষ করে কয়লা বা গ্যাসভিত্তিকবিদ্যুৎ উৎপাদন কেন্দ্র বা অন্যান্য শিল্প-কারখানা, যানবাহন, গৃহস্থালির চুলা ইত্যাদি উৎস থেকেও সালফার ডাই-অক্সাইড নির্গত হয়, যা এসিডে পরিণত হয় এবং বৃষ্টির পানির সাথে মিশে এসিড বৃষ্টি তৈরি করে।

ঘ উদ্দীপকের ছকে উল্লিখিত ঘটনা দুইটির মধ্যে P ঘটনাটি অর্থাৎ টেকটনিক প্লেটের সংঘর্ষের ফলে সৃষ্ট ভূমিকম্প মানবসৃষ্ট নয়। এটি মানবসৃষ্ট না হলেও এ ব্যাপারে সতর্কতা জরুরী। কেননা ভূমিকম্প সৃষ্টি হয় কয়েক সেকেন্ডের মধ্যে তাই এর হাত থেকে রক্ষা পাওয়ার কোনো উপায় নেই। তবে সতর্কতা অবলম্বন করলে এতে জানমালের ক্ষয়ক্ষতি কমানো যায়। এক্ষেত্রে ভূমিকম্প প্রবণ এলাকায় ঘর-বাড়ি ও অন্যান্য স্থাপনা তৈরির ক্ষেত্রে সতর্কতা হিসেবে ঘর-বাড়ি ভারী জিনিস দিয়ে তৈরি না করে হালকা জিনিস দিয়ে তৈরি করলে ভূমিকম্পের পর ঐ সমস্ত জিনিসের নিচ থেকে উদ্ধার কাজ যেমন সহজে করা যায়, তেমনি প্রাণহানিও কম হয়।
শহরাঞ্চলের যেসকল বড় বড় দালান-কোঠা তৈরে করা হয় সেখানে ভূমিকম্পের ঝুঁকি কতটুকু তা জানতে হবে এবং অবশ্যই ভূমিকম্প প্রতিরোধ ব্যবস্থা থাকতে হবে। অন্যথায় বড় ধরনের ভূমিকম্প হলে তা ভয়াবহ পরিণাম ডেকে আনতে পারে।
এছাড়াও সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে ঘরবাড়ি, অফিস, আদালতে শুকনা খাবার, পানি, টর্চলাইট, মোবাইল ফোন, প্রাথমিক চিকিৎসা বক্স,

কিছু ঔষধপত্র, বাঁশি, অগ্নিনির্বাপক যন্ত্র-এগুলো ব্যবস্থা রাখতে হবে যাতে ৩-৪ দিন বেঁচে থাকা যায় এবং ফায়ার সার্ভিস, হাসপাতাল, পুলিশ বাহিনীর সাথে যোগাযোগ রাখা যায়। এসকল কারণেই ভূমিকম্পের সতর্কতা জরুরি।

প্রশ্ন ▶ ১৪ জনাব সাহেদ আলম ৩৪ বছর ধরে একটি স্কুলে শিক্ষকতা করে যাচ্ছেন। বর্তমানে তিনি প্রায়ই অনুভব করেন গ্রীষ্মকাল ও শীতকালে তাপমাত্রা আগের তুলনায় অনেক বেশি। গতকাল তিনি ডিসকভারি চ্যানেল থেকে এর কারণ জানতে পারেন। ◀ *শিখনফল-৩*

ক. বৈশ্বিক উষ্ণতা কী? ১

খ. এসিড বৃষ্টি সৃষ্টির মনুষ্য কারণ ব্যাখ্যা করো। ২

গ. সাহেদ আলমের অনুভূত সমস্যাটির কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোচ্য বিষয়টি মিঠা পানিতে কীরূপ প্রভাব ফেলে বিশ্লেষণ করো। ৪

১৪ নং প্রশ্নের উত্তর

ক বৈশ্বিক উষ্ণতা হলো বিশ্বের বায়ুমণ্ডলের তাপমাত্রা বেড়ে যাওয়া।

